ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপে হামলার প্রতিবাদে মেহেরপুরে প্রতিবাদ

কালের কণ্ঠসহ ইস্ট ওয়েস্ট মিডিয়া কমপ্লেক্সের সকল মিডিয়া কার্যালয়ে সন্ত্রাসী হামলার প্রতিবাদ ও জড়িতদের গ্রেপ্তার করে শাস্তির দাবিতে মেহেরপুরে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ১০ টা থেকে থেকে ঘন্টা ব্যাপী জেলা প্রশাসকের কার্যালয়ের চত্ত্বেও এ প্রতিবাদ সমাবেশ ও মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে নেতৃত্ব দেন কালের কণ্ঠ পত্রিকার মেহেরপুর জেলা প্রতিনিধি ইয়াদুল মোমিন।

নিউজ ২৪ টেলিভিশনের মেহেরপুর জেলা প্রতিনিধি ডালিম সানোয়ারের সঞ্চালনায় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, বাংলাদেশ প্রতিদিনের প্রতিনিধি মাহবুবুল হক পোলেন, বাংলানিউজের জেলা প্রতিনিধি জুলফিকার আলী কানন, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, সাংবাদিক ও মানবাধিকার কর্মী সাদ আহমেদ, সাংবাদিক এস আই বাবু, সাজিজুল ইসলাম রাশেদুজ্জামান প্রমুখ। প্রতিবাদ সমাবেশে মেহেরপুরের কর্মরত প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিককেরা অংশ নেন।

বক্তারা ইস্ট ওয়েস্ট মিডিয়ায় হামলার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে বলেন, কালের কণ্ঠসহ ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপের হামলাকারীরা ইতোমধ্যে চিহিৃত হয়েছে। তাদেও গ্রেফতার কেও আইনের আওতায় এনে বিচার কার্যক্রম শুরু করতে হবে।

অন্তবর্তীকালীন সরকারের কাছে দাবি জানিয়ে বক্তারা আরও বলেন, সমাজের সকল অসঙ্গতি, সমস্যা ও সম্ভাবনা তুলে ধরা গণমাধ্যমের কাজ। সরকারকে গণমাধ্যমের পথচলা যাতে বাঁধাগ্রস্থ না হয় সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। ইস্ট ওয়েস্ট মিডিয়া হাউজের সাতটি প্রতিষ্ঠানে ন্যক্কারজনক হামলায় দেশের স্বাধীন গণমাধ্যম হতবাক। হামলাকারীদের চিহ্নিত করে আইনের আওতায় এনে বিচার করার দায়িত্ব বর্তমান সরকারসহ ছাত্র-জনতার কাছে দাবি জানিয়েছেন।

বক্তারা আরও বলেন, স্বাধীন দেশে দিনে-দুপুরে মিডিয়ার ওপরে এই নগ্ন হামলা দুর্বৃত্তায়নের জানান দেয়। অচিরেই এই দূর্বৃত্তায়নের চর্চা বন্ধ করতে হবে।

মুজিবনগরে মানসম্মত শিক্ষা বিষয়ে শিক্ষকদের সাথে মতবিনিময় সভা

মুজিবনগর বাংলাদেশ গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, মানসম্মত শিক্ষা বিষয়ের শিক্ষকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার সময় মুজিবনগর উপজেলা অডিটরিয়ামে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গুডনেইবারর্স মেহেরপুর সিডিপির ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে এবং গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

বিশেষ অতিথি ছিলেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দীন আল আজাদ, উপজেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দীন, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি হেলথ অফিসার আহসানুল হক।

জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুণগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিক্ষালাভের সুযোগ সৃষ্টি। টেকসই উন্নয়ন অভীষ্ট সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক ও সমতাভিত্তিক গুনগত শিক্ষা নিশ্চিতকরণ এবং জীবনব্যাপী শিক্ষালাভের সুযোগ সৃষ্টি। ২০৩০ সালের মধ্যে সকল ছেলে ও মেয়ে যাতে প্রাসঙ্গিক, কার্যকর ও ফলপ্রসূ অবৈতনিক, সমতাভিত্তিক ও গুনগত প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা

সম্পন্ন করতে পারে তা নিশ্চিত করা

২০৩০ সালের মধ্যে সকল ছেলে ও মেয়ে যাতে প্রাথমিক শিক্ষার প্রস্তুতি হিসেবে প্রাক্-প্রাথমিক শিক্ষাসহ শৈশবের একেবারে গোড়া থেকে মানসম্মত বিকাশ ও পরিচর্যার মধ্য দিয়ে বেড়ে ওঠে তার নিশ্চয়তা বিধান করা।

কর্মসম্পাদন পরিমাপকল্পে প্রস্তাবিত বৈশ্বিক সূচক শিশু ও যুবসমাজের অনুপাত: (ক) ২য়/৩য় শ্রেণীতে; (খ) প্রাথমিক শিক্ষা সমাপনীতে; এবং (গ) নিম্নমাধ্যমিক শেষে, লিঙ্গ ভেদে (১) পঠন ও (২) গণিতে অন্ততপক্ষে একটি ন্যূনতম দক্ষতামান অর্জন।লিঙ্গ অনুযায়ী স্বাস্থ্য, শিক্ষা ও মানসিক পরিপুষ্টতায় উন্নতির ধারায় রয়েছে এমন অনূর্ধ্ব ৫-বছর বয়সী শিশুদের অনুপাত।

লিঙ্গভেদে সংগঠিত শিক্ষায় অংশগ্রহণের হার (প্রাথমিক শিক্ষায় প্রবেশের বয়সসীমার এক বছর আগে)। লিঙ্গ ভেদে পূর্ববর্তী ১২ মাসে আনুষ্ঠানিক ও উপ-আনুষ্ঠানিক শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচিতে যুব সম্প্রদায় ও বয়স্কদের অংশগ্রহণের হার।দক্ষতার ধরন অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি)-তে দক্ষ যুবক ও বয়স্কদের অনুপাত।বিশ্ববিদ্যালয়ে শিক্ষালাভের সুযোগসহ সাশ্রয়ী ও মানসম্মত কারিগরি, বৃত্তিমূলক ও উচ্চ শিক্ষায় সকল নারী ও পুরুষের জন্য ২০৩০ সালের মধ্যে সমান প্রবেশাধিকার নিশ্চিত করা।চাকুরি ও শোভন কর্মে সুযোগলাভ এবং উদ্যোক্তা হবার জন্য প্রয়োজনীয় কারিগরি ও বৃত্তিমূলক দক্ষতাসহ অন্যান্য প্রাসঙ্গিক 2024/08/29 তাসম্পন্ন যুবক ও প্রাপ্তবয়স্ক জনগোষ্ঠির সংখ্যা ২০৩০ সালের মধ্যে উল্লেখযোগ্য পরিমাণে বাড়ানো।

অরক্ষিত (সংকটাপন্ন) জনগোষ্ঠীসহ প্রতিবন্ধী জনগোষ্ঠী, নৃ- জনগোষ্ঠী ও অরক্ষিত পরিস্থিতির মধ্যে বসবাসকারী শিশুদের জন্য ২০৩০ সালের মধ্যে শিক্ষা ও বৃত্তিমূলক প্রশিক্ষণের সকল পর্যায়ে সমান প্রবেশাধিকার নিশ্চিত করা এবং শিক্ষায় নারী পুরুষ বৈষম্যের অবসান ঘটানো নারী পুরুষ নির্বিশেষে যুবসমাজের সবাই এবং বয়স্ক জনগোষ্ঠীর একটি উল্লেখযোগ্য অংশ যাতে ২০৩০ সালের মধ্যে সাক্ষরতা ও গণন-দক্ষতা অর্জনে সফলকাম হয় তা নিশ্চিত করা।

অপরাপর বিষয়ের পাশাশাশি, টেকসই উন্নয়ন ও টেকসই জীবনধারার জন্য শিক্ষা, মানবাধিকার, নারী পুরুষ সমতা, শান্তি ও অহিংসামূলক সংস্কৃতির বিকাশ, বৈশ্বিক নাগরিকত্ব এবং সাংস্কৃতিক বৈচিত্র্য ও

(ক) প্রাক্-প্রাথমিক, (খ) প্রাথমিক, (গ) নিম্নমাধ্যমিক ও (ঘ) উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের মাঝে যারা নিজ নিজ দেশে সংশ্লিষ্ট পর্যায়ে শিক্ষকতার জন্য প্রয়োজনীয় প্রাক্-চাকুরি বা চাকুরিকালীন ন্যূনতম শিক্ষক প্রশিক্ষণ (অর্থাৎ শিক্ষাদান সংশ্লিষ্ট প্রশিক্ষণ) লাভ করেছেন, এমন শিক্ষকদের অনুপাত বৃদ্ধি করা। উপরিক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করেন, আমন্ত্রিত অতিথিবৃন্দ।

অনুষ্ঠানের শেষে মানসম্মত শিক্ষায় অবদান রাখায় উপজেলার সেরা ৬ টি বিদ্যালয়কে সন্মান সূচক ক্রেষ্ট প্রদান করা হয়।নির্বাচিত বিদ্যালয় গুলো হল মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে নির্বাচিত হয়েছে-গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়। মুজিবনগর সরকারী মাধ্যমিক বিদালয় এবং-আদর্শ মাধ্যমিক বিদ্যালয় শিবপুর এবং সেরা প্রাথমিক বিদ্যালয় নির্বাচিত হয়েছে। ভবানিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়-মুজিবনগর মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় ও-আনন্দবাস সরকারী প্রাথমিক বিদ্যালয়।

মানসম্মত শিক্ষা বিষয়ে শিক্ষকদের সাথে মতবিনিময় সভায় ২১ জন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক। ১০ জন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং ২ জন কলেজ শিক্ষক অংশগ্রহন করেন।

গাংনীতে সাপের কামড়ে স্কুল ছাত্রের মৃত্যু

পিতা মাতার অসচেতনতা ও অবহেলায় প্রাণ গেলো স্কুল ছাত্র কিরন হোসেনের (১১)। সাপের দংশনকে পিঁপড়ায় কামড়িয়েছে মন্তব্য করে চিকিৎসা না দিয়ে ঘুম পাড়ান তারা। অবশেষে মারা গেলো শিশুটি।

কিরণ হোসেন গাংনী উপজেলার সীমান্তবর্তী কাজীপুর গ্রামের বর্ডারপাড়া এলাকার রহিদুল ইসলামের ছেলে ও কাজীপুর আদর্শ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্র।

আজ বৃহস্পতিবার (২৯ আগষ্ট) ভোররাতের দিকে গাংনী উপজেলা

স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় শিশুটি।
আর আগে বুধবার দিবাগত রাত সাড়ে ১১ টার দিকে নিজ ঘরে ঘুমন্ত অবস্থায় তাঁকে সাপে কাটে।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে স্থানীয় ইউপি সদস্য আজিজুল হক জানান, কিরন রাতে ঘরে ঘুমিয়েছিল । রাত আনুমানিক সাড়ে ১১টার দিকে শিশুটির পায়ে সাপে কামড় দেয়। সে ঘুম থেকে জেগে বিষয়টি পরিবারের লোকজনকে জানান। এটি পিঁপড়ের কামড় বলে ছেলেকে ঘুমাতে বলেন। শেষরাতের দিকে কিরনের শারীরিক অবস্থার অবনতি হলে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন পরিবারের লোকজন। স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসকরা কিরনের শারীরিক পরীক্ষা-নিরীক্ষা করে মৃত বলে ঘোষণা করেন।

মুজিবনগরে ব্র্যাক পরিচালিত কার্যক্রম পরিদর্শন করলেন ইউএনও

ব্র্যাক যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসূচীর আওতায় শিক্ষকদের ওরিয়েন্টেশন কার্যক্রম পরিদর্শন করলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম।

মুজিবনগরের ৩ টি মাধ্যমিক বিদ্যালয়ের ১৫ জন শিক্ষকের অংশগ্রহণে টিবি, ম্যালেরিয়া, এইচআইভি, এইডস, ডেঙ্গু, ডায়রিয়া ও জলবায়ু পরিবর্তন জনিত রোগের বিজ্জর রোধে করনীয় বিষয়ক ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে।

বেসরকারী উন্নয়ন সংস্থা ব্র্যাক কর্তৃক বাস্তবায়নাধীন টিবি কনট্রোল প্রোগ্রামের আওতায় বুধবার (২৮ আগষ্ট) দিনব্যাপী মুজিবনগর উপজেলায় অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম।

এসময় তিনি সকল অংশগ্রহণকারীদের বিদ্যালয় পরিচ্ছন্ন রাখা ও শিক্ষার্থীদের যক্ষ্মা, ডেঙ্গু সহ অন্যান্য রোগ বিষয়ে সচেতন করে তোলার ওপর গুরুত্বারোপ করেন ও শিক্ষকদের এবিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের আহ্বান জানান।

ওরয়েন্টেশন অনুষ্ঠানে মূখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মেহেদী হাসান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মামুন উদ্দীন আল আজাদ।

ওরিয়েন্টেশনে প্রেজেন্টেশন উপস্থাপন করেন ব্র্যাক এমটি (ল্যাব)- ইকিউএ জাহিদ হাসান।

স্বাগত বক্তব্য রাখেন ব্র্যাক জেলা ব্যবস্থাপক, টিবি কনট্রোল প্রেগ্রাম অচিন্ত কুমার বোস এবং ওরিয়েন্টেশন সঞ্চালনা করেন মেহেরপুর জেলা ব্র্যাক সমন্বয়ক শেখ মনিরুল হুদা।

মুজিবনগরে পুকুরে বিষ প্রয়োগ, লক্ষাদিক টাকার মাছ নিধন

মুজিবনগর উপজেলার আনন্দবাসে পুকুরে বিষ প্রয়োগ করে লক্ষাধিক টাকার মাছ মেরে ফেলেছে দুর্বৃত্তরা। গতকাল মঙ্গলবার (২৭শে আগস্ট) দিবাগত রাতে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামে বাগোয়ান ইউনিয়ন পরিষদের পিছনে শাহীন উদ্দীন শাহিনের পুকুরে এ ঘটনা ঘটে।

বর্তমানে এই পুকুর টি মনিরুল ইসলাম এবং ফারুক হোসেন এর কাছে লিজ দেওয়া রয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে লিজ গ্রহীতা মনিরুল ইসলাম বলেন, আমি ও আমার ব্যবসায়িক পার্টনার ২ বিঘা ৫ কাটা জায়গার পুকুরটি আনন্দবাস গ্রামের শাহীন উদ্দীন শাহীনের কাছে থেকে ১ লক্ষ ৬০ হাজার টাকায় লিজ নিয়ে মাছ চাষ করছি। কে বা কাহারা শত্রুতা করে গতকাল মঙ্গলবার

দিবাগত রাত্রে পুকুরে বিষ প্রয়োগ করে। এতে পুকুরের সমস্ত মাছ মারা গেছে। বিষ প্রয়োগের ফলে প্রায় আমাদের ২ লক্ষ ৫০ হাজার টাকার ক্ষতি হয়েছে।

তিনি আরো বলেন,গত পাঁচ মাস আগে পুকুরে দেশীয় বিভিন্ন জাতের মাছের চারা ছেড়েছি। এতে আমার প্রায় ১ লাখ টাকা খরচ হয়েছে। এছাড়াও মাছের খাবার কেনা এবং রক্ষণাবেক্ষণা আনুমানিক ৫০ থেকে ৬০ হাজার টাকা খরচ হয়েছে। কিছু দিনের মধ্যেই মাছগুলো বাজারে বিক্রির উপযোগী হয়ে উঠতো।

এ বিষয়ে তিনি থানায় একটি অভিযোগ করবেন বলে জানান।

মুজিবনগরে বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেনের বিরুদ্ধে বিভিন্ন প্রকল্পের ১ কোটি ৭৬ লক্ষ টাকা আত্মসাৎ সহ বিভিন্ন দুর্নীতির অভিযোগ এনে অনাস্থা প্রস্তাব এনেছে ৩ নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের ১০ ইউপি সদস্য।

আজ বুধবার (২৮ আগস্ট) দুপুরে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৯ ধারামোতাবেক চেয়ারম্যানের বিরুদ্ধে ১ নং ওয়ার্ড সদস্য রফিকুল ইসলাম, ২ নং ওয়ার্ড সদস্য সিবাস্তিন মল্লিক, ৩ নং ওয়ার্ড সদস্য সোহরাব হোসেন, ৪ নং ওয়ার্ড সদস্য রমজান আলী, ৬ নং ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক, ৭ নং ওয়ার্ড সদস্য ওমর ফারুক, ৮ নং ওয়ার্ড সদস্য রিপন আলী,১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা সদস্য আফরোজা রোজ, ৪,৫,ও ৬ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য মাবিয়া খাতুন স্বাক্ষরিত একটি লিখিত অনাস্থা প্রস্তাব মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের কাছে জমা দেওয়া হয়।

অনাস্থা প্রস্তাবে বলা হয়েছে, আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলাধীন ০৩ নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের নির্বাচিত সদস্যবৃন্দু। গত ১১ ই নভেম্বর ২০২১ খ্রিঃ অনুষ্ঠিত নির্বাচনে বিজয়ী হওয়ার গত ২২ শে ডিসেম্বর ২০২১ খ্রিঃ শপথ গ্রহণ করি। শপথ গ্রহণ করিয়া দায়িত্ব গ্রহণ করার পর হইতে পরিষদের চেয়ারম্যান মোঃ আয়ুব হোসেন বিভিন্ন দুর্নীতি ও অনিয়মের মাধ্যমে সরকারি অর্থ আত্মসাৎ করিয়া আসিতেছে। আমরা নিম্ন স্বাক্ষরকারী সদস্যগণ তার এরুপ কার্যকলাপে বাধা প্রদান করিলে তিনি কোনরুপ কর্ণপাত না করিয়া তাহার লোকজন দ্বারা বিভিন্ন অপমানজনক কথাবার্তা সহ হাত পা ভাঙ্গা এবং মারধরের হুমকি প্রদান করে। পরিষদের সদষ্যদের কোনরুপ মতামত গ্রহণ না করিয়া চেয়ারম্যান স্বেচ্ছাচারিতামূলক বিভিন্ন কার্যকলাপের নিজের খেয়াল খুশি মত বিভিন্ন মাধ্যমে সরকারি অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অপরাধমূলক কার্যকলাপের সাথে যুক্ত আছে।

এ সময় ইউপি সদস্যরা উপজেলা নির্বাহী অফিসারের কাছে চেয়ারম্যানের দুর্নীতির তদন্তপূর্বক তাকে অপসারণের দাবি জানান।

এ বিষয়ে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম জানান, এরকম একটি চিঠি আমরা পেয়েছি। অনাস্থা প্রস্তাবের চিঠি আমি জেলা প্রশাসক বরাবর পাঠিয়েছি। তিনি যে নির্দেশনা দিবেন সেই মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

মুজিবনগরে পরিবেশ বিষয়ে সচেতনতামূলক প্রচারণা ও গাছের চারা বিতরণ

মুজিবনগরে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি এর আয়োজনে, পরিবেশ রক্ষার জন্য পরিবেশ বিষয়ের সচেতনামূলক প্রচারণা ও গাছের চারা বিতরণ করা হয়েছে।

আজ বুধবার দুপুরে উপজেলার বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে ছাত্র-ছাত্রীদের মাঝে পরিবেশ বিষয়ে সচেতনতা মূলক

প্রচার এবং গাছের চারা বিতরণের উদ্বোধন করা হয়।

সচেতনতা মূলক প্রচারণা ও গাছের চারা বিতরণ অনুষ্ঠানে গুডনেইবারর্স মেহেরপুর সিডিপি এর ম্যানেজার সুব্রত টুডু এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গাছের চারা বিতরণের উদ্বোধন করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা মোহাম্মদ রকিব উদ্দিন।

এ সময় উপস্থিত ছিলেন বল্লভপুর মিশন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক লুক হরেন্দ্র বিশ্বাস, গুডনেইবারর্স এর সিনিয়র অফিসার (প্রোগ্রাম) রিফাত আল মাহমুদ।

গুডনেইবারর্স এর উদ্যোগে বিভিন্ন স্কুলের শিক্ষার্থীদের মাঝে ৬শত ফলজ, বনজ, ঔষধি গাছের বিতরণ করা হবে।

অনূর্ধ্ব-২০ সাফের চ্যাম্পিয়ন বাংলাদেশ

সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপে গ্রুপ পর্বের ম্যাচে নেপালের কাছে ২-১ গোলে হেরেছিল বাংলাদেশ। তাই কিছু শঙ্কা থাকলেও ফাইনালে মাঠে লড়াইয়ে স্বাগতিকদের বিপক্ষে একক আধিপত্য বিস্তার ছিল লাল-সবুজের প্রতিনিধিদের।

শিরোপা জয়ের লড়াইয়ে মিরাজুল ইসলামের জোড়া গোলে আয়োজক নেপালকে ৪-১ ব্যবধানে হারিয়ে প্রথমবারের মতো সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপের শিরোপা জিতেছে বাংলাদেশ। চ্যাম্পিয়ন হওয়ার পাশাপাশি গ্রুপ পর্বে হারের প্রতিশোধও নিল মিরাজুল-আসিফরা।

বুধবার (২৮ আগস্ট) রাজধানী কাঠমান্ডুর কাছে আনফা কমপ্লেক্সের গ্যালারি ছিল নেপালি সমর্থকে ভর্তি। তবে মাঠের পারফরম্যান্স আর কোচ মারুফল হকের কৌশলের কাছে পেরে ওঠেনি স্বাগতিকরা।

মিরাজুল ইসলামের দুই এবং রাব্বি হোসেন ও পিয়াস আহমেদের একটি করে গোলে প্রথমবারের মতো সাফ অনূর্ধ্ব–২০ চ্যাম্পিয়নশিপের শিরোপার

স্বাদ পায় বাংলাদেশ। এর আগ বয়সভিত্তিক সাফের সাম্ভব্য সবগুলো ট্রফি জেতা হলেও ধরা দিচ্ছিল না অনূর্ধ্ব-২০-এর শিরোপা। তবে এবার দক্ষিণ এশিয়া অঞ্চলে নিজেদের শ্রেষ্ঠত্ব অর্জন করেছেন বাংলাদেশের যুবারা।

গ্রুপ পর্বের প্রথম ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে ২-০ গোলের জয়ের পর নেপালের কাছে ২-১ ব্যবধানে হেরে যায় লাল-সবুজের প্রতিনিধিরা। এতে গ্রুপ রানার্স আপ হয়ে খেলে সেমিফাইনালে।

এর আগে ২০২২ সালের ফাইনালে ভারতের কাছে হেরে শিরোপা বঞ্চিত হয় বাংলাদেশ। এবার তাদের টাইব্রেকে হারিয়ে শিরোপার মঞ্চে জায়গা করে নেয় মারুফুল হকে শিষ্যরা।

আক্রমণ-পাল্টা আক্রমণে জমে ওঠে ম্যাচ। ৮ মিনিটে কঠিন পরীক্ষার মুখে পড়তে হয় বাংলাদেশের গোলকিপার মোহাম্মদ আসিফ হোসেনকে। নিরাজন ধামীর দুরপাল্লার শট অনেকটা লাফিয়ে ওঠে কোনো মতে দলকে রক্ষা করেন তিনি। এরপর কয়েক দফা আক্রমণ করে গোল আদায় করতে পারেনি নেপালিরা। প্রথমার্ধের যোগ করা সময়ের শেষ দিকে মিরাজুরের দৃষ্টিনন্দন ফ্রি-গোলে বদলে যায় ম্যাচের দৃশ্যপট।

বাংলাদেশ নম্বর টেনের বুলেট গতির শট আটকানো কোনো সুযোগ পাননি নেপালের গোলকিপার জয়রথ শিখ। দ্বিতীয়ার্ধে ৫৫ মিনিটে গোল ব্যবধান দ্বিগুণ হয় বাংলাদেশের। বাঁদিক থেকে লং পাসে দূরের পোস্টে থাকা আসাদুল মোল্লাকে পাস দেন আসাদুল ইসলাম সাকিব।

আসাদুল হেডে পাস দেন মিরাজুলকে। সেই হেড দিয়েই লক্ষ্যভেদ করেন এই ফরোয়ার্ড। এতে জেতেন টুর্নামেন্টের সর্বোচ্চ গোলদাতার পুরস্কার। ৭০ মিনিটে তৃতীয় গোল পেলে জয় অনেকেটা নিশ্চিত হয়ে যায় বাংলাদেশের। মিরাজুলের ছোট পাস ধরে দলতে ৩-০ গোলে এগিয়ে নেন রাব্বী হোসেন রাহুল।

১০ মিনিট পর নেপালের হয়ে এক গোল পরিশোধ করেন সমীর। যোগ করা সময়ের পঞ্চম মিনিটে রাব্বীর আড়াআড়ি পাসে গোলপোস্টে শট নোভা। নেপালের ডিফেন্ডার ক্লিয়ার করলেও, আগেই পেরিয়ে গোল গোললাইন। এতে ৪-১ গোলে নিশ্চিত হয় বাংলাদেশের শিরোপা জয়।

সূত্র: কালবেলা

সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনসহ ১৬৩ জন আসামি

মেহেরপুরে সন্ত্রাস দমন আইনে সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেন, ভগ্নিপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, ভাই সরফরাজ হোসেন মৃদুল, সহযোগী আমাম হোসেন মিলুসহ ১৬৩ জনের বিরুদ্ধে একটি মামলা দায়ের হয়েছে।

বুধবার মেহেরপুরের সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনালে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শিক্ষার্থী রাশিদুল ইসলাম বাদি হয়ে এ মামলা দায়ের করেন।

মামলাটি আমলে নিয়ে ট্রাইব্যুনালের বিজ্ঞ বিচারক মঞ্জুরুল ইমাম মেহেরপুর সদর থানাকে এফআইআরের নির্দেশ দেন।
মামলার এজাহারে জানা গেছে, গত ৫ আগষ্ট সকাল ১১ টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত শহরের বড়বাজার মোড় ও কলেজ মোড়ে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে ছাত্র ও জনগণ শান্তিপূর্ণভাবে তাদের অবস্থান কর্মসূচী পালন কালে সাবেক জনপ্রশাসন মন্ত্রীর নির্দেশে আসামীগণ অজ্ঞাত আরো ৫০/৬০ জন অবৈধ অস্ত্রধারী সন্ত্রাসীরা পূর্বপরিকল্পিত ভাবে ধারালো রামদা, কিরিচ, লোহার রড, ছোরা, চাকু, ডেগার, বাশের লাঠি সহ অবৈধ আগ্নেয়াস্ত্র ভয়ভিতি, খুন, জখম করিবার উদ্দেশ্যে মটর সাইকেলে চড়ে মহড়া দিতে দিতে উপস্থিত হয়। তখন আন্দোলনরত বৈষম্য বিরোধী ছাত্র ও তাদের অভিভাবক এবং জনসাধারণ ভিতি সন্ত্রস্ত হয়ে পড়ে এবং আসামীদের হামলায় এদিক—সেদিক ছোটাছুটি করাকালীন আসামীরা ছাত্র ও উপস্থিত জনতাকে খুন—জখমের হুমিক প্রদান করে।

মামলার অন্য আসামিরা হলেন— বুড়িপোতা ইউপি চেয়ারম্যান শাহজামাল, শ্যামপুর ইউনিয়ন চেয়ারম্যান মতিউর রহমান মতি, বারাদি ইউপি চেয়ারম্যান ও মোমিনুল ইসলাম, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম সাজেদুল, জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসুল, শহর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আক্কাস আলী, মেহেরপুর পৌর মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহাফুজুর রহমান

রিটন, আওয়ামী লীগ নেতা উপপ্রচার সম্পাদক মিজানুর রহমান হিরণ, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, ২ নম্বর ওয়ার্ড আব্দুল্লাহ আল মামুন, স্টেডিয়াম পাড়ার আনারুল ইসলাম, রাশেদ লতিফ, সাবেক ছাত্রলীগ নেতা মাহফুজুর রহমান পোলেন, ভুমি অফিস পাড়ার তুফান, মো: আবু, অঙ্কুর, ঘোষপাড়ার আতাউর রহমান, বলিয়ারপুরের স্বপন, জুয়েল, রফিকুল, বেল্টু, টুঙ্গি গ্রামের শরিফ, খোকসা শেখ পাড়ার আনারুল,কদর আলী, সাজ্জাদ, দিঘীরপাড়ার আতিয়ার রহমান, খলিলুর রহমান, হাশেম আলী, ভেটা, মনিরুল, রানা, পিয়াদাপাড়ার চপল, বোসপাড়ার মো: মতি, বাধন খান, থানা রোডের মেজবাহ, তাহের ক্লিনিক পাড়ার মো: আরিফ, মালোপাড়ার মো: অনিক, পুরাতন পোস্ট অফিস পাড়ার জুয়েল, গোরস্থানপাড়ার মো: বাবুল, পিরোজপুরের তোফা মোল্লা, নাসির উদ্দিন, সাধন, লুতফর রহমান, বাহার গজারি, মিঠুন, মো: সোহাগ, বকুল, মো: আদম মেম্বার, বলিয়াপুর গ্রামের মো: সাত্তার, মো: আবদুল্লাহ, মোস্তফা, ইজারুল, মসলেম, মো: সুমন, আনারুল, ডাবলু, বাবলু, ইসরাফিল, সানি, আতিয়ার, ইসরাফিল, ওয়াদুদ, পঁচা, মিয়ারুল ইসলাম পড়–, পঁচা, আজাহার আলী, জাহাঙ্গীর, সরোয়ার, সাইদুল, জুয়েল, জুয়েল, সোহেল, আলাই, আখের, মন্টু, শরিফুল, ইসরাফিল, সাজাহান, উজ্জল, লালন, সেলিম, সাহাবুল, টুটুল, মুন্তাজ, শফিকুল, সালাম, হাকিম, মন্টু, শাহিন, কালাম, লিজন, জুয়েল, লাল, কালু, আজি, হাফি, কুদ্দুস, শরিফুল, মুকুল, মইদুল, হাসান,রিপন, ফজল, খালেক, শহিদুল মাস্টার, কালু, কালূ মেম্বার, পশ্চিম সিংহাটি গ্রামের মো: আলা, যুগিন্দা গ্রামের মো: রাকিব, পাটকেল পোতার আনারুল মাস্টার, বারাদি কলোনিপাড়ার মামুন, বর্শিবাড়িয়ার মকবুল, জুয়েল, মো: লিটন, রাজনগর গ্রামের মো: মুক্তি, মো: ওলি, কলাইডাঙ্গা গ্রামের নাইস, চাঁদপুর গ্রামের লিটন, আমঝুপি ইউনিয়ের প্রয়াত চেয়ারম্যানের ছেলে সেলিম রেজা, আমঝুপি শহিদুল ইসলাম সাগর, আনিছুর রহমান, সোহেল রানা সবুজ, মতিয়ার রহমান, সামসুজ্জামান, আলফাজ হোসেন, মো: টুটুল, আলমগীর হোসেন, আবু লায়েছ, মো: চানা, নতুন মদনাডাঙ্গার মো: সোহাগ, ইসলামনগর গ্রামের কাশেম মেম্বার, নুরপুরের সুমন, ফতেপুর গ্রামের মিলন, বামনপাড়ার আব্দুল আউয়াল, ফারুক, লিটন, ২ নম্বর ওয়ার্ড মালোপাড়ার বোরহান, রকি, নতুন দরবেশপুরের টনিক বিশ^◌াস, মোনাখালীর আঙ্গুর, দক্ষিণ শালিকার কালাম।

মামলার বাদি পক্ষের আইনজীবী মারুফ আহমেদ বিজন বলেন, মামলাটি আমলা নিয়ে বিজ্ঞ বিচারক সদর থানাকে এফআইআরের নির্দেশ দিয়েছেন।

মেহেরপুরে প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন বিষয়ক আলোচনা সভা

মেহেরপুরে প্রাথমিক শিক্ষার মান উন্নয়নের জন্য স্কুলের প্রধান শিক্ষক ও শিক্ষিকাদের সাথে মতবিনিময় ও আলোচনা সভা সভা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর সদর উপজেলা প্রশাসন ও উপজেলা শিক্ষা অফিসের আয়োজনে বুধবার (২৮ আগষ্ট) বেলা ১২ টার দিকে সদর উপজেলা পরিষদের হল রুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার ডাঃ কাজী নাজিব হাসান।

এসময় তিনি বলেন, প্রাথমিক শিক্ষার গুনগত মান উন্নয়নের জন্য প্রাথমিক বিদ্যালয়ের সমস্যাগুলো চিহ্নিত করে দ্রুত সমাধান করা হবে। শিক্ষার্থীদের আধুনিক শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার জন্য বিজ্ঞানমনস্ক শিক্ষাব্যবস্থা চালু করা হবে।

এ সময় মেহেরপুর সদর উপজেলা শিক্ষা অফিসার আশরাফ উল আলম, সহকারী উপজেলা শিক্ষা অফিসার এস এম জয়নুল ইসলাম, আসাফুদ্দৌলা শামীম, শফিকুর রহমান, জহুরুল হক, ইন্সট্রাক্টর আব্দুল মতিন প্রমুখ উপস্থিত ছিলেন।